দৈনিক ইত্তেফাক

তারিখ ... 06 DEC 1997 ...
পৃষ্ঠা ১২ কলাম ৫

# পাবনা জেলার বিভিন্ন স্কুলের দামী শিক্ষা উপকরণ লাপাত্তা

পাবনা সংবাদদাতা ॥ সুষ্ঠু রক্ষণাবেক্ষণের অভাব, কর্তৃপক্ষের উদাসীনতা ও দুর্নীতির কারণে পাবনা জেলার থানা পর্যায়ের উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলির বিভিন্ন প্রকল্পের লক্ষ লক্ষ টাকার শিক্ষা উপকরণসহ গৃহনির্মাণ সামগ্রী লাপাত্তা হওয়ার অভিযোগ পাওয়া গিয়াছে। জানা গিয়াছে, ১৯৮২/৮৩ সালের দিকে তৎকালীন সরকার কারিগরি শিক্ষাকে মাধ্যমিক পর্যায়ভুক্ত করিয়া থানা পর্যায়ের একটি করিয়া বিদ্যালয়ে কৃষি, লোহা ও গৃহনির্মাণের উপর প্রশিক্ষণের জন্য প্রকল্প গ্রহণ করে এবং এজন্য ঐ সকল বিদ্যালয়ে বিপুল টাকার উপকরণ ও অন্যান্য দ্রব্যসামগ্রী সরবরাহ করা হয়। মূল্যবান লেদ মেশিনসহ বিদ্যুৎচালিত বিভিন্ন যন্ত্রপাতিও সরবরাহ করা হয়। ইহা ছাড়া শিক্ষাকে আরো সহজতর এবং বাংলাদেশ বেতারের সাহায্যে শিক্ষার্থীদের শিক্ষা দেওয়ার জন্য ঐ সকল বিদ্যালয়ে রেডিও ব্রডকাস্টিং যন্ত্রাদি সরবরাহ করা হয়, যাহাতে প্রতিটি শ্রেণীকক্ষে শিক্ষার্থীরা বেতারের মাধ্যমে শিক্ষা গ্রহণ করিতে পারে। এতদ্ব্যতীত উক্ত যন্ত্রের সাথে যুক্ত মাইকসেট এবং ক্যাসেট ও টেপ রেকর্ডার বিদ্যালয়ের প্রয়োজনে ব্যবহার করার ব্যবস্থা ছিল। বালিকা বিদ্যালয়গুলিতে মেয়েদের সেলাই শিক্ষা প্রদানের জন্য প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রপাতি সরবরাহ করা হয়। কিন্তু অনুমোদিত বিদ্যালয়সমূহে এখন আর ঐ সকল মূল্যবান উপকরণ ও যন্ত্রপাতির কোন হদিস পাওয়া যাইতেছে না। অনেক যন্ত্রপাতিই বিদ্যালয়ের একশ্রেণীর শিক্ষকের বাসায় স্থানান্তরিত হইয়াছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। রেডিও ব্রডকাস্টিংয়ের মূল্যবান স্পিকারগুলি কোন কোন দোকানে বা প্রতিষ্ঠানে ব্যবহার হইতে দেখা যায় বলিয়াও অভিযোগে প্রকাশ।